

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
১১৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫
www.nddtrust.gov.bd

স্মারক নং- ৪১.০৫.০০০০.০০০.০৪.০০৪.১৭(অংশ-৩)-৫২০


তারিখ:

১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী শিশু ও ব্যক্তিদের এককালীন চিকিৎসা অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং ০২/২০২১-২২

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের আওতায় ট্রাস্টি বোর্ডের ১৬ তম সভার অনুমোদন অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচির আওতায় নিবন্ধিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (অটিজম, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী) ব্যক্তিদের এককালীন চিকিৎসা সহায়তা হিসেবে অনুদান প্রদান করা হবে। অনুদান গ্রহণে আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তি স্বয়ং বা পক্ষে তাদের পিতা/ মাতা/ বৈধ অভিভাবক আবেদন করতে পারবেন। জেলা পর্যায়ে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ে এবং ঢাকা শহরের জন্য ট্রাস্ট কার্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করে সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্টের প্রধান কার্যালয় (পদ্মা লাইফ টাওয়ার ১৪ তলা), ১১৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর ঢাকা-১২১৫-এ প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবেন। নির্ধারিত আবেদন ফরম www.nddtrust.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদন দাখিলের শেষ তারিখ ৩০ এপ্রিল ২০২২ খ্রিঃ। অসম্পূর্ণ এবং ই-মেইলে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।


ড. মো: আনোয়ার উল্লাহ এফসিএমএ

ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

সমাজকল্যাণ মন্ত্রণালয়

ফোন: ০২-৪৮৩২২৬৮০ (অফিস সময়)

ই-মেইল: nddptrust@gmail.com